


বনানীতে ভোট দিলেন মেয়র আনিসুল হক

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৬:৫৪ এএম, ২৮ ডিসেম্বর ২০১৬



প্রথমবারের মতো শুরু হওয়া জেলা পরিষদ নির্বাচনে ভোট দিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক।

বুধবার সকাল পৌনে ১১টায় বনানী বিদ্যালয়কেন্দ্রিত স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে তিনি ভোট প্রদান করেন। এ সময় আনিসুল হক সাংবাদিকদের বলেন, ‘নির্বাচনের মাধ্যমে দেশ উন্নয়ন ও গণতন্ত্রের পথে আরও এক ধাপ এগিয়ে গেল।’

এর আগে বুধবার সকাল থেকে দেশের ৬০টি জেলায় একযোগে এ নির্বাচন আয়োজন করেছে নির্বাচন কমিশন (ইসি)। এদিন সকাল ৯টা থেকে শুরু হয়ে ভোটগ্রহণ চলবে দুপুর ২টা পর্যন্ত। তবে শুধু স্থানীয় সরকারের নির্বাচিত জনপ্রতিনিধিরাই এই নির্বাচনে ভোট দিতে পারবেন।